গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
http://www.ds.gov.bd

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.২৫.০৩৬.২২- ৩২২ | তারিখ: ১২ মার্চ ২০২৪

**সভার নোটিশ**

আগামী ১৪/০৩/২০২৪ তারিখ, দুপুর ১২.০০ ঘটিকায় ইনোভেশন টিমের কর্মকর্তাদের নিয়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়ন সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক এক সভা পরিচালক মহোদয়ের কক্ষে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন জনাব আ,ন,ম তরিকুল ইসলাম, পরিচালক (যুগ্মসচিব), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Rezaul 12.03.24

মোঃ রেজাউল করিম
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-২২৩৩৫১৬৪৮
ইমেইল: ada@ds.gov.bd

**বিতরণ/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. উপপরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা
২. সহকারী পরিচালক (সংগঠন), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা
৩. জেলা ক্রীড়া অফিসার, টাঙ্গাইল/খুলনা/ঢাকা/মাদারীপুর
৪. প্রশাসন শাখা, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৫. পরিচালকের একান্ত সহকারী (পরিচালক মহোদয়ের জ্ঞাতার্থে), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৬. অফিস নথি

**সদয় অবগতি:**

১. চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
http://www.ds.gov.bd

নং ৩৪.০২.২৬৬৫.০০০.২৫.০১৫.২২-৩৪৫ তারিখ: ২৪ মার্চ ২০২৪

**ক্রীড়া পরিদপ্তরের ইনোভেশন টিমের কর্মকর্তাদের নিয়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আ,ন,ম তরিকুল ইসলাম<br>পরিচালক (যুগ্মসচিব), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা |
| সভার তারিখ ও সময় | : | ২৮/১২/২০২৩খ্রি. তারিখ, সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : | পরিচালক মহোদয়ের কক্ষ, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে চিফ ইনোভেশন অফিসার জনাব্ এস, আই, এম ফেরদৌউস আলম, উপপরিচালক, ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ইনোভেশন কমিটির কার্যক্রম সভায় উপস্থাপন করেন। জনাব মোঃ বকতিয়ার রহমান গাজী, জেলা ক্রীড়া অফিসার, খুলনা বলেন জেলা ক্রীড়া অফিসের কার্যক্রম ও সেবা ডিজিটাল পদ্ধতিতে শুরু হয়েছে এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন কিছু দপ্তর/সংস্থায় ই-নথি এবং ডি-নথির ব্যবহার শুরু করা হবে। জনাব খাদিজা পারভীন, জেলা ক্রীড়া অফিসার, মুন্সিগঞ্জ বলেন ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে এর জেলা ক্রীড়া অফিসের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ কার্যক্রম করা হয় এবং বিভিন্ন সেবাসমূহের তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করা হবে।

এ পর্যায়ে পর্যায়ে সভাপতি আ, ন, ম তরিকুল ইসলাম, পরিচালক (যুগ্ম সচিব) ক্রীড়া পরিদপ্তর বলেন, ইতোমধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের ভিত্তি তৈরি হয়েছে। তিনি বলেন, বাংলাদেশের মতো একটা ডেমোগ্রাফিক ডিভিডেন্ড ও ডিজিটাল বিপ্লবের ফল একসংগে কাজে লাগিয়ে তরুণ প্রজন্মকে স্মার্ট বাংলাদেশ বিনির্মানের কারিগর হিসেবে গড়ে তোলা খুব সহজে সম্ভব। একটি প্রযুক্তি বিপ্লবের সংগে আমরা সময় অতিবাহিত করছি ফলে পরিবর্তন অবশ্যম্ভাবী। তাই পরিবর্তনের সাথে খাপ খাইয়ে নেওয়ার বিকল্প কিছু নাই। আর ডিজিটাল বাংলাদেশের পর স্মার্ট বাংলাদেশ বিনির্মানের পরিকল্পনা এই শতাব্দীর সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং দূরদৃষ্টিসম্পন্ন সিদ্ধান্ত।

অত:পর তিনি বলেন, স্মার্ট বাংলাদেশ বির্নির্মাণের জন্য স্মার্টলি কাজ করতে হবে, স্মার্ট ওয়েতে জনগনকে সেবা প্রদান করতে হবে। আমাদের অধিকাংশের মধ্যে একটা ভ্রান্ত ধারণা রয়েছে যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ সরকারের কাজ, সরকার স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ করে দিবে, এই ধারণা কিন্তু অনেক বড় ধরনের ভুল। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ অর্থাৎ আমাদের যার যে কাজ বা আমরা যে সব সেবা জনগনকে দিয়ে থাকি,

সেগুলো স্মার্ট ওয়েতে করা বা স্মার্ট ওয়েতে জনগনকে সেবা দেওয়া। স্মার্ট বাংলাদেশ বলতে মূলত বোঝায় প্রযুক্তি নির্ভর জীবন ব্যবস্থা, যেখানে সকল ধরনের নাগরিক সেবা থেকে শুরু করে সবকিছুই স্মার্টলি হবে। যেখানে ভোগান্তি ছাড়াই প্রত্যেক নাগরিক পাবেন অধিকারের নিশ্চয়তা ও কর্তব্য পালনের সুবর্ণ এক সুযোগ। অথচ দীর্ঘ এতো দিনের মধ্যে জনগনকে অনলাইনে/স্মার্ট ওয়েতে সেবা প্রদানের জন্য ক্রীড়া পরিদপ্তরে কোনো ধরনের পদক্ষেপ বা উদ্যোগ গ্রহণ না করায় সভায় তিনি চরম ক্ষোভ প্রকাশ করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্ত:**

০১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ মোতাবেক ওয়েবসাইটের মেইন মেনু, সাবমেনু, সেবা বক্সসমূহের তালিকা প্রস্তুতপূর্বক স্ক্রিনশট ও হালনাগাদকরণের বিষয়ভিত্তিক তারিখ উল্লেখসহ ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।

০২। নির্ধারিত সময়ে ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন জেলা ক্রীড়া অফিস ও সরকারি শারীরিক শিক্ষা কলেজের কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে সভা/সেমিনার/কর্মশালা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। টুর্নামেন্টের প্রতিভাবান খেলোয়াড়দের জরুরী ভিত্তিতে ডাটাবেজ তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে জেলা ক্রীড়া অফিস।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আ,ন,ম তরিকুল ইসলাম
পরিচালক (যুগ্মসচিব)
ফোন :২২৩৩৫৫৭৯
ইমেইল: director@ds.gov.bd

নং ৩৪.০২.২৬৬৫.০০০.২৫.০১৫.২২- ৩৪৬ তারিখ: ১৪ মার্চ ২০২৪

**বিতরণ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:**

০১. চিফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. অধ্যক্ষ, (সকল) সরকারি শারীরিক শিক্ষা কলেজ ............................।
০৩. সহকারী পরিচালক (প্রশাসন/সংগঠন), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
০৪. জেলা ক্রীড়া অফিসার (সকল).............................।
০৫. পরিচালকের একান্ত সহকারী (পরিচালক মহোদয়ের জ্ঞাতার্থে), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
০৬. অফিস নথি।

14.03.24

মোঃ রেজাউল করিম
সহকারী পরিচালক (প্রশাসন)
ক্রীড়া পরিদপ্তর, ঢাকা

অদ্য ১৪ মার্চ ২০২৪ তারিখ, দুপুর ১২.০০ ঘটিকায় ইনোভেশন টিমের কর্মকর্তাদের নিয়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়ন সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক এক সভায় সম্মানিত সদস্যগণের উপস্থিতি স্বাক্ষর।

| ক্রমিক নং | নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব এস আই এম ফেরদৌউস আলম<br>উপপরিচালক (চ:দা:)<br>ক্রীড়া পরিদপ্তর, ঢাকা | ০১৭৬৫-৯৩৬৬৩৮ | |
| ০২. | জনাব মোঃ রেজাউল করিম<br>সহকারী পরিচালক (প্রশাসন),<br>ক্রীড়া পরিদপ্তর, ঢাকা | ০১৭১৭-৫৪৫৭২৭ | |
| ০৩. | জনাব ফেরদৌসী আক্তার বন্যা<br>সহকারী পরিচালক (সংগঠন),<br>ক্রীড়া পরিদপ্তর, ঢাকা | ০১৮১৮-৬১৮৮৯২ | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |